দৈনিক সংবাদ

তারিখ AUG 28 1999
পৃষ্ঠা ১৬ কলাম ২


২৪

## এইচএসসির ফলাফল সমীক্ষা

# সেরা শিক্ষাপ্রতিষ্ঠান, সেরা সাফল্য

**মফস্বল ডেস্ক ঃ** গত বৃহস্পতিবার সারাদেশের ৫টি বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এ ফলাফল নিয়ে ৩টি অঞ্চলের পর্যালোচনা নিচে দেয়া হলো।

**রাজশাহী থেকে নিজস্ব প্রতিনিধি ঃ** রাজশাহী শিক্ষা বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে রাজশাহীর ঐতিহ্যবাহী কলেজগুলো সবাইকে হতবাক করেছে। পাশাপাশি ব্যাপক ও গণটোকাটুকিতে 'এক্সপার্ট' বলে অভিযুক্ত কলেজগুলো অবাক করার মতো ফলাফল করেছে। দীর্ঘ ৩৫ বছরের ইতিহাসে এবারেই প্রথম রাজশাহী ক্যাডেট কলেজের কেউই স্থানই পায়নি মেধা তালিকায়।

রাজশাহী শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার এবারের ফলাফলের (মেধা তালিকার) বিশ্লেষণে দেখা গেছে, নগরীর বরেন্দ্র কলেজ থেকে মেধা তালিকায় ৪ জন স্থান পেয়েছে। এর মধ্যে মানবিক শাখায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান লাভ করেছে ফারজানা আকতার ইলা। ৬ষ্ঠ স্থান লাভ করেছে এ কে এম তীতুমির হোসেন। পঞ্চদশ স্থান অর্জন করেছে মোঃ আমিনুল ইসলাম।

বরেন্দ্র কলেজ সূত্র জানায়, এবারে এখান থেকে ১ হাজার ২শ' ৫৩ জন ছাত্রছাত্রী পরীক্ষা দেয়। পাস করেছে ৭২ ভাগ। প্রথম বিভাগ ১শ' ২ জন, স্টার মার্কস পেয়েছে ৮ জন। বাণিজ্য শাখার ১১তম স্থানে রয়েছে তানভীর আহমেদ। এই কলেজের ফলাফলে অনেকেই অবাক হয়েছেন।

নিউ গভঃ ডিগ্রি কলেজেও প্রত্যাশা অনুযায়ী ফলাফল হয়নি। এই কলেজ থেকে সম্মিলিত বিজ্ঞানে তৌফিকউর রহমান চার বিষয়ে লেটারসহ ৯১৩ নম্বর পেয়ে ১৯তম স্থান, বিজ্ঞানে মেয়েদের মধ্যে জান্নাতুল ফেরদৌস চার বিষয়ে লেটারসহ ৮৮৫ নম্বর পেয়ে পঞ্চম, সমানসংখ্যক বিষয়ে লেটারসহ ৮৬৪ নম্বর পেয়ে সুরাইয়া আকতার দশম এবং বাণিজ্যে মোহাম্মদ সায়েম ৭৬১ নম্বর পেয়ে ২০তম স্থান লাভ করেছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল এন্ড কলেজের ফলাফল হতাশাজনক। এই কলেজ থেকে সাফিউল আলম চার বিষয়ে লেটারসহ ৯০৭ নম্বর পেয়ে বিজ্ঞানে উনিশতম, রুদাবা আফরিন জিতু মানবিকে ১৫তম ও সম্মিলিত মেয়েদের মধ্যে নবম হয়েছে ৮১০ নম্বর পেয়ে। সঙ্গীতা বিশ্বাস সম্মিলিত মেধায় বিজ্ঞানে নবম স্থান লাভ করেছে।

রাজশাহী জেলার অন্যান্য কলেজগুলোর মধ্যে সারদা কলেজ মানবিকে দু'টি স্থান লাভ করেছে। এর মধ্যে আপেলুর রহমান ৮১৩ নম্বর পেয়ে একাদশ ও আবদুল করিম ৮০৫ নম্বর পেয়ে সপ্তদশতম স্থানে রয়েছে। মোহনপুর কলেজের আলমগীর সরকার ৮১১ নম্বর পেয়ে চতুর্দশ হয়েছে মানবিক শাখায়। বাণিজ্যে দশম স্থান অর্জন করেছে চারঘাট এমএ হাদি কলেজের মনিরুল ইসলাম। নগরীর শাহ মাখদুম, কোর্ট ও সিটি কলেজ থেকে উল্লেখযোগ্য কেউ স্থান পায়নি মেধা তালিকায়। জেলার অন্যান্য কলেজের ফলাফলও হতাশাব্যঞ্জক।

রাজশাহীর ঐতিহ্যবাহী ক্যাডেট কলেজ থেকে এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে মেধা তালিকায় কেউ স্থান না পেয়ে দীর্ঘ ৩৫ বছরের ইতিহাসে নতুন রেকর্ড সৃষ্টি করেছে।

**ঈশ্বরদী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** এবারের এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ঈশ্বরদী মহিলা কলেজ থেকে ৫ জন ছাত্রী কৃতিত্বের সাথে মেধা তালিকায় স্থান লাভ করেছে। বাণিজ্য বাণিজ্য বিভাগে সম্মিলিত মেধা তালিকায় শামিম আরা মিলি ৭৯৪ নম্বর পেয়ে পঞ্চম স্থান অধিকার করেছে। তার রোল নম্বর ছিল ৫০৩৫৭৫। একই বিভাগ থেকে সুস্মিতা শারমিন তমা ৭৭৮ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় ১০তম স্থান লাভ করতে সক্ষম হয়েছে। তার রোল ৫০৩৫৮৯। নাহিদ ইসলাম ৭৬৬ নম্বর পেয়ে একই বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ১৬তম স্থান লাভ করেছে। তার রুল নং-৫০৩৮৫। এরা তিনজনই হিসাব বিজ্ঞান এবং শর্টহ্যান্ড ও টাইপ লিখনে লেটার নম্বর পেয়েছে। এছাড়া একই কলেজ থেকে বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় মেয়েদের মধ্যে কৃতিত্বপূর্ণ ১ম স্থান অধিকার করেছে সুজনা সুলতানা শিমু। সে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও পরিসংখ্যানে লেটার নম্বরসহ মোট ৯০০ নম্বর পেয়েছে। তার রোল নং-১০৭৮৭২। একই বিভাগ থেকে মেয়েদের মধ্যে ৩য় স্থান অধিকার করেছে শারমিন তারেক শিখা। তার প্রাপ্ত নম্বর ৮৯৫। সে গণিত, পদার্থ, রসায়ন ও জীববিদ্যায় লেটার নম্বর পেয়েছে। তার রোল ১০৭৮৬৩।

**সৈয়দপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** এইচএসসি পরীক্ষায় এবারে সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে বিভিন্ন মেধা তালিকায় ৬ জন স্থান পেয়েছে। এদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১ জন এবং অন্যান্য বিভাগের মেধা তালিকায় ৫ জন স্থান পায়।

কে এম এহসান ৪টি বিষয়ে লেটারসহ ৯১৮ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় ১৪তম স্থান লাভ করেছে, তার রোল নং ১১৯৮৭৩। ফারহানা ইসরাত মৌসুমী ৩টি বিষয়ে লেটারসহ ৮৬৭ নম্বর পেয়ে মেয়েদের মধ্যে ৯ম স্থান পেয়েছে, তার রোল নং-১১৯৭৮৩।

এছাড়া বাণিজ্য বিভাগে তানভীর আহমেদ ৩টি বিষয়ে লেটারসহ ৭৭৯ নম্বর, রুল নং ৫০৮৫২৭, আতিকুল ইসলাম দুটি বিষয়ে লেটারসহ ৭৬৬ নম্বর। পেয়ে ১৬তম স্থান (রোল নং-৫০৮৫৪৪), ফরিদা ইয়াসমিন ১টি বিষয়ে লেটারসহ ৭৬৩ নম্বর পেয়ে ১৮তম (রোল নং-৫০৮৫২১) ও সামিনা গ্লোরী ২টি বিষয়ে লেটারসহ ১৯তম স্থান (রোল-৫০৮৫২৩) লাভ করেছে।